

২১ মে থেকে ফের ফ্লাইট শুরু নভোএয়ারের

- A Monitor Desk Report

Date: 15 May, 2025



ঢাকাঃ সাময়িক বন্ধের পর আগামী ২১ মে থেকে পুনরায় অভ্যন্তরীণ ফ্লাইট পরিচালনা শুরু করছে নভোএয়ার। পাশাপাশি টিকেটের মূল্যে ১৫ শতাংশ ছাড়ের ঘোষণা দিয়েছে প্রতিষ্ঠানটি। এর আগে, গত ২ মে থেকে ফ্লাইট পরিচালনা সাময়িক বন্ধ রেখেছিল নভোএয়ার।

গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন নভোএয়ারের ব্যবস্থাপনা পরিচালক মফিজুর রহমান।

তিনি বলেন, অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, আগামী ২১ মে থেকে ফ্লাইট পরিচালনা শুরু করছি। ব্যবসায়িক পরিকল্পনার অংশ হিসেবে আমাদের ফ্লাইট পরিচালনা সাময়িকভাবে বন্ধ ছিল। সাময়িক বিরতিকালে আমরা সম্মানিত যাত্রী এবং শুভানুধ্যায়ীদের অভূতপূর্ব সমর্থন ও উৎসাহ পেয়েছি।

নভোএয়ারের ব্যবস্থাপনা পরিচালক বলেন, উন্নত যাত্রীসেবায় আমরা সবসময়ই প্রতিশ্রুতিবদ্ধ এবং নিরাপদ ভ্রমণ সেবা প্রদানই আমাদের অগ্রাধিকার। আমরা সবাইকে আবার স্বাগত জানাতে প্রস্তুত।

এদিকে, টিকেটের মূল্যে ১৫ শতাংশ ছাড়ের অফারটি পেতে যাত্রীদের নভোএয়ারের ওয়েবসাইট বা মোবাইল অ্যাপে প্রমো কোড অপশনে **VQWEBAPP** লিখে টিকিট ক্রয় করতে হবে।

যাত্রীরা আজ বৃহস্পতিবার (১৫ মে) থেকেই নভোএয়ারের ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, নভোএয়ার সেলস অফিস অথবা নিকটস্থ ড্রাভেল এজেন্টের মাধ্যমে টিকিট ক্রয় করতে পারবেন।

